CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGDSC/GE–201T/068**

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 2nd Semester )**

Course No. : BNGDSC/GE–201T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) শ্রীরামপুর মিশন কবে স্থাপিত হয়?

(খ) ফোর্ট উইলিয়াম কলেজের একজন বাঙালি অধ্যাপকের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের একটি অনুবাদগ্রন্থের নাম লেখো।

(ঘ) বাংলায় প্রথম প্রটেস্টান্ট মিশন কবে প্রতিষ্ঠিত হয়েছিল?

(ঙ) 'ইতিহাসমালা' গ্রন্থটি কার রচনা?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে, কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল?

(খ) মৃত্যুঞ্জয় তর্কালংকারের যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের কৃতিত্ব আলোচনা করো।





## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ঈশ্বরগুপ্ত কোথায় জন্মগ্রহণ করেন?

(খ) মধুসূদন দত্ত রচিত প্রথম বাংলা কাব্যগ্রন্থের নাম কী?

(গ) কোন্ কবি 'ভোরের পাখি' নামে খ্যাত?

(ঘ) 'সন্ধ্যাসঙ্গীত' কাব্যটি কার রচনা?

(ঙ) জীবনানন্দ দাশের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বিহারীলাল চক্রবর্তীর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) ঈশ্বরগুপ্তকে 'যুগসন্ধির কবি' কেন বলা হয়?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) যুগসন্ধির কবি হিসাবে ঈশ্বরগুপ্তের কবি-কৃতিত্ব আলোচনা করো।

(খ) মধুসূদনের কাব্যসাধনার পরিচয় দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শর্মিষ্ঠা' নাটকটি কার লেখা?

(খ) দীনবন্ধু মিত্র রচিত একটি নাটকের নাম লেখো।

(গ) গিরিশ ঘোষের লেখা একটি ভক্তিমূলক নাটকের নাম লেখো।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায় রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(ঙ) দীনবন্ধু মিত্র সরকারের কোন্ বিভাগে চাকরি করতেন?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মধুসূদন দত্ত রচিত দুটি প্রহসনের নাম লেখো।

(খ) 'নীলদর্পণ' এবং 'জনা' নাটক দুটির রচয়িতার নাম লেখো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) প্রহসনজাতীয় রচনাধারায় দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

(খ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে গিরিশ ঘোষের অবদান আলোচনা করো।





## UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ঘরে বাইরে' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) বিভূতিভূষণের কোন্ উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় 'পথের পাঁচালি' চলচ্চিত্রটি তৈরি করেছিলেন?

(গ) বঙ্কিমচন্দ্র রচিত ইংরেজি উপন্যাসটির নাম কী?

(ঘ) কোন্ রচনার জন্য শরৎচন্দ্র চট্টোপাধ্যায় 'কুন্তলীন' পুরস্কার পেয়েছিলেন?

(ঙ) বঙ্কিমচন্দ্রের একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বিভূতিভূষণ রচিত যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

(খ) রবীন্দ্রনাথ বিরচিত প্রথম এবং শেষ উপন্যাস দুটির নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ঔপন্যাসিক রবীন্দ্রনাথের সাহিত্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে প্রকৃতিচেতনার যে পরিচয় পাওয়া যায় সে বিষয়ে আলোচনা করো।

UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) রবীন্দ্রনাথের একটি অতিপ্রাকৃত রসের ছোটগল্পের নাম লেখো।

(খ) 'গল্পগুচ্ছ' গ্রন্থের কয়টি খণ্ড রয়েছে?

(গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের একটি গল্পের নাম লেখো।

(ঘ) 'হারানের নাতজামাই' গল্পটি কার লেখা?

(ঙ) 'পরশুরাম' কার ছদ্মনাম?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) পরশুরাম রচিত দুটি গল্পগ্রন্থের নামোল্লেখ করো।

(খ) রবীন্দ্রনাথের লেখা প্রথম গল্প কোনটি? এটি কত সালে লেখা?





১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

(খ) বাংলা ছোটগল্পের ধারায় পরশুরামের স্বাতন্ত্র্য আলোচনা করো।

★★★